

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।  
[www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd)

## বিজ্ঞপ্তি

নং-৮০.১১১.০১১.০০.০৮.২০১২(অংশ-১৪)/ ৩৫

তারিখ : ২৭ জানুয়ারি, ২০১৫

বিষয় : বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের “প্রটোকল অফিসার” পদে নিয়োগের জন্য প্রার্থীদের লিখিত পরীক্ষা অনুষ্ঠান সংক্রান্ত

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের ১ম শ্রেণির প্রটোকল অফিসার পদে নিয়োগের জন্য ০৮/০৬/২০১৪ তারিখে ৫৭নং বিজ্ঞপ্তির প্রেক্ষিতে আবেদনপত্র জমাদানকারী প্রার্থীদের মধ্যে সাময়িকভাবে যোগ্য প্রার্থীদের ২০০ নম্বরের লিখিত পরীক্ষা নিয়মিত কেন্দ্রে নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে :

লিখিত পরীক্ষার কেন্দ্র/স্থান : শেরে বাংলা নগর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

লিখিত পরীক্ষার তারিখ ও সময় : ২০ ফেব্রুয়ারি, ২০১৫ শুক্রবার, সকাল ৯:০০ ঘটিকা হতে দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত।

### পরীক্ষার্থীদের জন্য লিখিত পরীক্ষা সম্পর্কিত নির্দেশাবলী :-

- ১) প্রার্থীদেরকে বাংলা-৫০, ইংরেজি-৫০, গণিত ও মানসিক দক্ষতা -৬০ এবং সাধারণ জ্ঞান-৪০ বিষয়ে মোট ২০০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।
- ২) পরীক্ষার নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হবার ১৫ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ১ ঘণ্টার মধ্যে কোন পরীক্ষার্থীর পরীক্ষা কক্ষ ত্যাগ করা নিষিদ্ধ।
- ৩) বিশেষভাবে উল্লেখ্য, প্রার্থীগণকে একই সাথে ৪টি বিষয়ের জন্য ৪টি উত্তরপত্র প্রদান করা হবে। প্রার্থীগণ বাংলা, ইংরেজি, গণিত ও মানসিক দক্ষতা এবং সাধারণ জ্ঞান বিষয়াদির জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করবেন। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে।
- ৪) প্রার্থীকে কালো কালির কলম বা বল পয়েন্ট কলম সাথে আনতে হবে। পরীক্ষা কেন্দ্রে ব্যাগ, বইপত্র, মোবাইল ফোন আনা এবং কোনো প্রকার যোগাযোগ যন্ত্র বহন করা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে। সাইন্টিফিক ক্যালকুলেটর বা এ জাতীয় কোন যন্ত্র ব্যবহার করা যাবে না। হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর একই রকম হওয়া বাধ্যনীয়।
- ৫) পরীক্ষায় কেন্দ্রে কোনো প্রকার অসাধু পছ্ন্য অবলম্বন এবং অশোভন আচরণের অভিযোগে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে যে কোনো প্রকার শাস্তি মূলক ব্যবস্থা গ্রহণের ক্ষমতা কমিশন সংরক্ষণ করে। পরীক্ষা শেষ হওয়ার পর পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ না করা পর্যন্ত পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ বিষয়ভিত্তিক উত্তরপত্র গণনা করে বুরো নেয়ার পর পরীক্ষার্থীগণ কক্ষ ত্যাগ করবেন।
- ৬) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।
- ৭) উল্লিখিত পদের প্রার্থীদের আবেদনপত্র জমা নেয়ার সময় প্রবেশপত্র ইস্যু করা হয়েছে। প্রার্থীদের মধ্যে কেউ প্রবেশপত্র হারিয়ে ফেললে বা বিনষ্ট হয়ে গেলে নিকটস্থ থানায় সাধারণ ডায়েরী করে উহার কপি ও ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ আগামী ১৭ ও ১৮ ফেব্রুয়ারি, ২০১৫ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে পরিচালক (ইউনিট-১১) এর বরাবর আবেদন করে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন। প্রবেশপত্র ব্যবহার কোনো প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না। যোগ্য ও বাতিল তালিকা কমিশনের ওয়েব সাইটে পাওয়া যাবে।
- ৮) এই বিজ্ঞপ্তি কমিশনের ([www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd)) ওয়েব সাইটে পাওয়া যাবে।

পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন;  
চাকুরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অবোগ্যতা হিসেবে বিবেচিত হবে

(শেখ শাখাওয়াৎ হোসেন)  
পরীক্ষা নিয়ন্ত্রক (ন্ন-ক্যাডার)